THE SCHOOL DISTRICT OF PHILADELPHIA
OFFICE OF ACADEMIC SUPPORTS

Office of Multilingual Curriculum & Programs
Suite 251
440 North Broad Street
Philadelphia, PA 19130

ইংরেজি শিক্ষার্থী প্রবেশের বিজ্ঞপ্তি

প্রিয় পিতামাতা/অভিভাবক:

এই চিঠি দিয়ে আপনাকে জানানো হচ্ছে যে আপনার সন্তান,_________________________, স্টুডেন্ট আইডি নম্বর________ __________________________________, কে WIDA ইংরেজি দক্ষতা স্ক্রীনার পরীক্ষা দিয়ে __________________________________তারিখে মূল্যায়ন করা হয়েছিল এবং সে_______________সমন্বিত স্কোর পেয়েছে। সেই অনুযায়ী, আপনার সন্তান একজন ইংরাজি শিক্ষার্থী (English Learner, EL) হিসাবে চিহ্নিত হয়েছে এবং ভাষা নির্দেশনার শিক্ষামূলক কর্মসূচির (Language Instruction Educational Program, LIEP) মাধ্যমে তাকে সাহায্য করা হবে, যেটি সাধারণত একটি দ্বিতীয় ভাষা হিসাবে ইংরেজি (English as a Second Language, ESL) নামে পরিচিত।

LIEP-র লক্ষ্য হল আপনার সন্তানকে ইংরেজি শিখতে সাহায্য করা যাতে সে প্রাত্যহিক পাঠ বুঝতে পারে, স্কুলে সামাজিকভাবে অংশগ্রহণ করতে পারে এবং গ্রেডের পদোন্নতি এবং স্নাতক হওয়ার জন্য গ্রেডের উপযুক্ত প্রাতিষ্ঠানিক মানদণ্ড পূরণ করতে সমর্থ হয়। ***LIEP*** থেকে বেড়িয়ে যাওয়ার জন্য, আপনার সন্তানকে পুনরায় শ্রেণীকরণের জন্য পেনসিলভানিয়ার শিক্ষা দপ্তরের মানদণ্ড পূরণ করতে হবে। ফিলাডেলফিয়া স্কুল ডিস্ট্রিক্ট ইংরেজি শিক্ষার্থী（English Learner, EL）হিসাবে ছাত্রছাত্রীদের পুনরায় শ্রেণীকরণের যোগ্যতা নির্ধারণের জন্য ইংরেজি শিক্ষার্থীদের（English Learner, EL）কর্মক্ষমতা বার্ষিকভাবে পর্যালোচনা করে। আপনি পেনসিলভানিয়ার শিক্ষা দপ্তরের ওয়েবসাইট https://www.education.pa.gov/ এ পুনরায় শ্রেণীকরণের মানদণ্ড দেখতে পারেন।

জাতীয় ***প্রতি ছাত্রছাত্রী সফল হয় আইন*** (***Every Student Succeeds Act, ESSA***) এর অধীনে, উপলব্ধতার ওপর নির্ভর করে কিছু ছাত্রছাত্রীকে সম্পূরক পরিষেবা প্রদান করা হয়। এই পরিষেবাগুলির মধ্যে অন্তর্ভুক্ত পড়ানো, অনলাইন প্রোগ্রামিং বা স্কুল-পরবর্তী এবং গ্রীষ্মকালীন কর্মসূচি। ELগুলির পিতামাতাদের কাছে এই পরিষেবাগুলি প্রত্যাখ্যান করার অধিকার আছে এবং সাথে কিছু আলাদা নির্দেশমূলক কর্মসূচি প্রত্যাখ্যান করার অধিকারও আছে যা আপনার সন্তানের ***LIEP***-র অংশ হতে পারে। যদি আপনি পরিষেবাগুলি প্রত্যাখ্যান করতে চান বা ***LIEP*** সম্পর্কে অন্য কোন প্রশ্ন থাকে তাহলে অনুগ্রহ করে আপনার স্কুলের প্রিন্সিপালের কাছে বহুভাষী পাঠ্যক্রম এবং কর্মসূচি দপ্তর (Office of Multilingual Curriculum and Programs, OMCP)-এর সাথে দেখা করার জন্য একটি সময় নির্ধারণ করুন।

আপনার সন্তানের প্রাতিষ্ঠানিক কৃতিত্ব অর্জনের ক্ষেত্রে সহায়তা প্রদানে, আপনার সাথে ক্রমাগত কাজ করার জন্য আমরা উন্মুখ।

বিনীত,

______________________________	______________________________
পরীক্ষা পরিচালকের নাম	পরীক্ষা পরিচালকের পদবি
______________________________	______________________________
পরীক্ষা পরিচালকের স্বাক্ষর	তারিখ

Office of Multilingual Curriculum & Programs
Suite 251
440 North Broad Street
Philadelphia, PA 19130

প্রায়শই জিজ্ঞাসিত প্রশ্নাবলী

1. **আমার সন্তানের ইংরেজির পারদর্শিতা পরীক্ষার জন্য কোন বার্ষিক মূল্যায়ন ব্যবহৃত হয়?**

   আপনার সন্তানের ইংরেজি পারদর্শিতা নির্ধারণের জন্য ELs® মূল্যায়নের ক্ষেত্রে বার্ষিকভাবে ACCESS (অ্যাক্সেস) ব্যবহৃত হয়। এই মূল্যায়নটি জানুয়ারি থেকে ফেব্রুয়ারীর মধ্যে প্রতিটি স্কুলবর্ষে প্রদান করা হয় এবং অনলাইনে বা কাগজে কলমে পরিচালনা করা হয়। ছাত্রছাত্রীরা 1.0 - 6.0 এর মধ্যে একটি নম্বর পায় (6.0 হল সর্বোচ্চ নম্বর)।

2. **ELs® মূল্যায়নের জন্য অ্যাক্সেসে (ACCESS) ঠিক কি পরীক্ষা করা হয়?**

   আপনার সন্তানের পঠন, লিখন, কথা বলা এবং শ্রবণের ক্ষেত্রে ইংরেজি পারদর্শিতার মূল্যায়ন করা হয়। এই ক্ষেত্রগুলি সাধারণত "ডোমেন" হিসাবে উল্লেখিত হয়। প্রতিটি ডোমেন একটি করে নম্বর তৈরি করে যা একত্রিত করে একটি সামগ্রিক সমন্বিত নম্বর তৈরি হয়, যেটি আপনার সন্তানের ইংরেজি পারদর্শিতার স্তর হিসাবেও পরিচিত। প্রতিটি ডোমেনে সমাজ বিদ্যা, বিজ্ঞান, অঙ্ক এবং ভাষা চারুকলা সম্পর্কে প্রশ্ন অন্তর্ভুক্ত থাকে।

3. **ELs® মূল্যায়নের জন্য ACCESS (অ্যাক্সেস)-এর ওপর আমার সন্তানের বার্ষিক কর্মদক্ষতা আমাকে কি জানানো হবে?**

   হ্যাঁ, প্রতি স্কুল বর্ষের শেষে ELs® মূল্যায়নের জন্য ACCESS (অ্যাক্সেস)-এর ওপর আপনার সন্তানের কর্মক্ষমতা সম্পর্কে আপনাকে জানানো হবে। হয় স্কুলের ফাইলে থাকা ঠিকানায় একটি রিপোর্ট ডাকযোগে পাঠানো হবে অথবা আপনাকে দিয়ে দেওয়ার জন্য রিপোর্টটি আপনার সন্তানের কাছে দিয়ে দেওয়া হবে।

4. **আমার সন্তানের ইংরেজি পারদর্শিতা অর্জনের সারা স্কুল বর্ষ জুড়ে অগ্রগতি সম্পর্কে আমি কিভাবে জানতে পারি?**

   আপনার সন্তান প্রাতিষ্ঠানিকভাবে এবং সামাজিকভাবে কিভাবে কার্য সম্পাদন করছে সেই বিষয়ে সারা স্কুল বর্ষ জুড়ে আপনি অন্তর্বর্তীকালীন রিপোর্ট পাবেন। মাতাপিতা/অভিভাবকদের প্রতিটি চিহ্নিত সময়সীমার শেষে রিপোর্ট কার্ড কনফারেন্সগুলিতে উপস্থিত থাকার জন্যও উৎসাহিত করা হয়। ফিলাডেলফিয়ার স্কুল ডিস্ট্রিক্ট সারা স্কুল বর্ষ জুড়ে তিনটি (3) রিপোর্ট কার্ড কনফারেন্সের প্রস্তাব দেয়। এই তারিখগুলির জন্য অনুগ্রহ করে আপনার সন্তানের শিক্ষকের সঙ্গে যোগাযোগ করুন।

5. **আমার সন্তান কতটা দ্রুত ইংরেজিতে পারদর্শি হয়ে উঠার এবং LIEP-এর বাইরে স্থানান্তরিত হওয়ার প্রত্যাশা করতে পারে?**

   ছাত্রছাত্রীদের ইংরেজি শেখার ক্ষেত্রে অনেকগুলি বিষয় প্রভাবিত করে। এর মধ্যে অন্তর্ভুক্ত থাকে ছাত্র বা ছাত্রীর বয়স, অতীতের ইংরেজি অভিজ্ঞতা এবং ছাত্রছাত্রীর বাড়ির ভাষার ক্ষেত্রে ভাষা এবং সাক্ষরতার দক্ষতা। যে ছাত্রছাত্রীরা ইংরেজিতে সামান্য পারদর্শিতা বা একদমই পারদর্শিতা না থাকা অবস্থায় স্কুলে প্রবেশ করে, সেক্ষেত্রে লক্ষ্য হল ছয়টি স্কুল বর্ষের মধ্যে পারদর্শিতা অর্জন। যে ছাত্র-ছাত্রীরা ইংরেজি দক্ষতার উচ্চ স্তরের থেকে শুরু করে তাদের আরো দ্রুত ইংরেজি তে দক্ষতা অর্জন করা উচিত। যদিও, প্রতিটি ছাত্র বা ছাত্রীর অগ্রগতি স্বতন্ত্র এবং শিক্ষকরা ইংরেজি শেখার ক্ষেত্রে ছাত্রছাত্রীদের উন্নতি নিরীক্ষণের সময় বিভিন্ন বিষয় বিবেচনা করে থাকেন। আমরা মাতাপিতা/অভিভাবকদের রিপোর্ট কার্ড কনফারেন্সগুলির সময় বা সন্তানের শিক্ষকের সাথে কথোপকথনের জন্য সময় নির্ধারিত করে তাদের সন্তানের ইংরেজি শেখার ক্ষেত্রে উন্নতির বিষয়ে আলোচনা করার জন্য উৎসাহিত করে থাকি।

6. স্কুলে আমার সন্তানের কোন সমস্যা হলে আমার কার সাথে দেখা করা উচিত?

আপনার সন্তান সম্পর্কিত সমস্ত উদ্বেগ সম্পর্কে আপনার সন্তানের শিক্ষকের সাথে আলোচনা করা উচিত। শিক্ষকের অনুপস্থিতিতে, আপনি স্কুলের প্রিন্সিপালের সঙ্গেও কথা বলতে পারেন। প্রিন্সিপালের যোগাযোগের তথ্য অনুসন্ধানের জন্য, https://www.philasd.org/directory/school-directory/ দেখুন।

7. আমার সন্তানের কোন অক্ষমতা থাকলে কি হবে?

যদি আপনার সন্তানের কোন অক্ষমতা থাকে এবং সাথে সে একজন ইংরেজি শিক্ষার্থী (English Learner, EL) হয়, তাহলে সে ইংরেজি ভাষার সহায়তা এবং বিশেষ শিক্ষার পরিষেবা উভয়ই পাবে। এই পরিষেবাগুলি আপনার সন্তানের স্বতন্ত্রকৃত শিক্ষা কর্মসূচিতে (Individualized Educational Program, IEP) নথিকরণ করা থাকবে এবং বার্ষিকভাবে IEP দল দ্বারা পর্যালোচিত হবে যা দ্বিতীয় ভাষা হিসাবে ইংরেজি (English as a Second Language, ESL)পেশাদারিকে অন্তর্ভুক্ত করে। মাতাপিতাদের এই বার্ষিক IEP পর্যালোচনার মিটিংগুলিতেও আবশ্যিকভাবে উপস্থিত থাকতে হবে। উপরন্তু, আপনার সন্তানের প্রয়োজন অনুযায়ী নির্দেশমূলক কর্মসূচিগুলি বাস্তবায়িত হচ্ছে কিনা নিশ্চিত করার জন্য স্কুল বর্ষ জুড়ে আপনার সন্তানের IEP দলটি একত্রিতভাবে কাজ করবে। ফিলাডেলফিয়ার স্কুল ডিস্ট্রিক্টের বিশেষ শিক্ষা পরিষেবাগুলি সম্পর্কে আরও তথ্য জানতে, অনুগ্রহ করে আপনার স্কুলের প্রিন্সিপালের সঙ্গে যোগাযোগ করুন অথবা https://www.philasd.org/specializedservices/ দেখুন।

8. আমার সন্তানের স্কুলের সাথে আমি আরও বেশি কি করে যুক্ত হতে পারি?

আপনার সন্তানের শিক্ষার সাথে যুক্ত হওয়ার একটি উপায় হল আপনার স্কুলের স্কুল উপদেষ্টা পরিষদ (School Advisory Council, SAC)।মাতাপিতা, শিক্ষক, ছাত্রছাত্রী এবং সমাজের সদস্যদের নিয়ে গঠিত এই পরিষদ স্কুলের উন্নয়ন পরিকল্পনা এবং সিদ্ধান্ত নেওয়ার ক্ষেত্রে স্কুল নেতৃত্বকে সহায়তা প্রদান করে। সীমিত ইংরেজি ভাষার পারদর্শিতা থাকা সদস্যদের জন্য অনূদিত নথি এবং দোভাষী পরিষেবা প্রদান করা হয়; SAC-এ অংশগ্রহণের জন্য ভাষা কোন প্রতিবন্ধক হতে পারে না। এর সাথে ডিস্ট্রিক্ট, সারা স্কুল বর্ষ জুড়ে শহরের বিভিন্ন অংশে "স্বাগত ওয়াগন" মিটিংয়ের সুবিধা প্রদান করে থাকে। এই ইভেন্টগুলি সম্পর্কে আরও তথ্যের জন্য, অনুগ্রহ করে পরিবার এবং সম্প্রদায়ের নিযুক্তি (Family and Community Engagement, FACE) দপ্তরের ওয়েবসাইট https://www.philasd.org/face/ দেখুন।

9. আমি কোথা থেকে আরও তথ্য পেতে পারি?

একজন ইংরেজি শিক্ষার্থীর (English Learner, EL) মাতা বা পিতা হিসাবে আরও জানার জন্য https://wida.wisc.edu/teach/learners/engagement দেখুন। ফিলাডেলফিয়ার স্কুল ডিস্ট্রিক্টের বহুভাষী পাঠ্যক্রম এবং কর্মসূচি সম্পর্কে জানতে https://www.philasd.org/multilingual/ দেখুন।